

26813 - তাঁরা দিনের বেলায় রমজান মাস শুরু হওয়ার খবর পেয়ে রোজা পালন করেছেন

প্রশ্ন

প্রশ্ন: আমাদের কিছু মুসলিম ভাই সূর্যোদয়ের আগ পর্যন্ত রমজান মাসের আগমন সম্পর্কে জানতে পারেননি। জানার পর থেকে তারা রোজা থেকেছেন। এই রোজা কি তাদের জন্য যথেষ্ট হবে, নাকি তাদেরকে এর বদলে কাযা রোজা রাখতে হবে?

প্রিয় উত্তর

সংবাদপ্রাপ্তির পর থেকে দিনের বাকি অংশরোজা-ভঙ্গকারীবিষয়সমূহ থেকে বিরত থেকে তাঁরা সঠিক কাজটি করেছেন। তবে সেই দিনের বদলে তাদেরকে আরেকটিরোযাকাযা করতে হবে। [গবেষণা ও ফাতওয়াবিষয়কস্থায়ী কমিটির ফতোয়াসমগ্র (১০/২৪৫)]

সেই দিনের পরিবর্তে আরেকটি রোজা কাযাকরা ওয়াজিব হওয়ার কারণ হল, তারা রাত থেকে রোজার নিয়্যত করেননি।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:

" من لم يجمع الصيام قبل الفجر فلا صيام له "

“যে ব্যক্তি ফজরের পূর্ব হতে রোজার (ফরজ রোজা) নিয়্যত বাঁধেনি তার রোজা হবে না।” [মুসনাদে আহমাদ (৬/২৮৭), সুনানে আবু দাউদ (২৪৫৪), জামে তিরমিযি (৭৩০), সুনানে নাসাঈ (২৩৩১), আল-আলবানী ‘সহীহ আবু দাউদ’ (২১৪৩) গ্রন্থেহাদিসটিকে সহীহ আখ্যায়িত করেছেন]